# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

দুর্বলদের প্রতি নির্দেশনা (توجيهات إلى الضعفاء)

রাসূলুল্লাহ (ছাঃ) মদীনায় গিয়ে মক্কার দুর্বল ছাহাবীদের জন্য দো‘আ করতে থাকেন এবং তাদেরকে নির্দেশ দেন, যেন তারা ছবর করে’ (নিসা ৪/৭৭)। তারা যেন শক্তির বিপরীতে শক্তি প্রদর্শন না করে ও শত্রুতার বিপরীতে শত্রুতা না করে। যাতে তারা বেঁচে থাকে এবং ভবিষ্যতে দ্বীনের শক্তি বৃদ্ধি করতে পারে। অবশেষে আল্লাহ মক্কা বিজয় দান করেন এবং সবাইকে নিরাপদ ও নিশ্চিন্ত করেন (সীরাহ ছহীহাহ ১/১৫৮)।

নির্যাতিত মুহাজির মুসলমানদের সুসংবাদ দিয়ে আল্লাহ বলেন,

فَاسْتَجَابَ لَهُمْ رَبُّهُمْ أَنِّي لاَ أُضِيعُ عَمَلَ عَامِلٍ مِنْكُمْ مِنْ ذَكَرٍ أَوْ أُنْثَى بَعْضُكُمْ مِنْ بَعْضٍ فَالَّذِينَ هَاجَرُوا وَأُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ وَأُوذُوا فِي سَبِيلِي وَقَاتَلُوا وَقُتِلُوا لَأُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّئَاتِهِمْ وَلَأُدْخِلَنَّهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ ثَوَابًا مِنْ عِنْدِ اللهِ وَاللهُ عِنْدَهُ حُسْنُ الثَّوَابِ- (آل عمران 195)-

‘অতঃপর তাদের প্রতিপালক তাদের দো‘আ কবুল করলেন এই মর্মে যে, পুরুষ হৌক বা নারী হৌক আমি তোমাদের কোন কর্মীর কর্মফল বিনষ্ট করব না। তোমরা পরস্পরে এক (অতএব কর্মফল প্রাপ্তিতে সবাই সমান)। অতঃপর যারা হিজরত করেছে ও নিজ বাড়ী থেকে বহিষ্কৃত হয়েছে এবং আমার রাস্তায় নির্যাতিত হয়েছে। যারা লড়াই করেছে ও নিহত হয়েছে, অবশ্যই আমি তাদের দোষ-ত্রুটিসমূহ মার্জনা করব এবং অবশ্যই আমি তাদেরকে জান্নাতে প্রবেশ করাবো, যার তলদেশ দিয়ে নদীসমূহ প্রবাহিত। এটি আল্লাহর নিকট হতে প্রতিদান। বস্ত্ততঃ আল্লাহর নিকটেই রয়েছে সর্বোত্তম পুরস্কার’ (আলে ইমরান ৩/১৯৫)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5254

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন